গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর।

## জুলাই/২০২৪ মাসে অনুষ্ঠিত কেশবপুর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আব্দুল্লাহ আল মামুন<br>প্যানেল চেয়ারম্যান-২, উপজেলা পরিষদ<br>কেশবপুর, যশোর। |
| সভার তারিখ | : | ১১-০৭-২০২৪ খ্রিস্টাব্দ। |
| সময় | : | সকাল ১১:০০ টায়। |
| স্থান | : | সভাকক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেশবপুর, যশোর। |
| উপস্থিতসদস্যবৃন্দ | : | হাজিরা খাতায় সংরক্ষিত। |

সভার শুরুতে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত প্রধান উপদেষ্টা ও ৯০ যশোর-৬ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যানবৃন্দ, বিভিন্ন কার্যালয়ের দায়িত্বশীল কর্মকর্তাসহ উপস্থিত সদস্যদের শুভেচ্ছা ও স্বাগত জানান। সভাপতির অনুমোদনক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যক্রম শুরু করেন। গত মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত আহবান করা হয়। সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্যবিবরণী প্রস্তুত হওয়ায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মত ভাবে অনুমোদিত ও গৃহীত হয়।

অত:পর আলোচ্য সূচি অনুযায়ী সভায় আলোচনার প্রেক্ষিতে প্রদত্ত সিদ্ধান্ত ও বাস্তবায়নের বিষয়গুলো নিম্নরুপ:

আলোচ্য সূচি-২ :২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) কাজের সমাপ্তি সংক্রান্ত সার্বিক আলোচনা:

| ক্রম. | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর জানান যে, ইতোমধ্যে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে এবং টেন্ডার প্রক্রিয়ায় বাস্তবায়িত সকল প্রকল্পের কাজ বাস্তবায়ন হওয়ায় বিধি মোতাবেক বিল প্রদান করা হয়েছে। | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর। |

আলোচ্য সূচি-২ :২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) কাজের প্রকল্প তালিকা দাখিল সংক্রান্ত আলোচনা:

| ক্রম. | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি প্রকল্পের কাজ শেষ হয়েছে। অতি দ্রুত নতুন ২০২৪-২৫ অর্থ বছরের প্রকল্প গ্রহণ করতে হবে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপজেলা যাচাই বাছাই কমিটির সভায় প্রকল্পসমূহ চূড়ান্তকরত প্রকল্প বাস্তবায়ন করতে হবে। প্রতি বছর তালিকা দাখিল দেরিতে হওয়ায় তাড়াহুড়া করে প্রকল্প গ্রহণ করাই কাজ বাস্তবায়নে জটিলতা সৃষ্টি হয়। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে দ্রুত সময়ে প্রকল্প তালিকা দাখিলের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিতি আলোচনা হয়। | ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি প্রকল্পের তালিকা দ্রুত সময়ের মধ্যে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়, সকল ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |

আলোচ্য সূচি-৩: বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ:

| ক্রম | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। বর্তমানে বাংলাদেশের প্রধান আলোচনার বিষয় হলো রাসেলস ভাইপার। বিষধর সাপের মধ্যে রাসেলস ভাইপারের অবস্থান পঞ্চম। রাসেলস ভাইপার কোবরার চেয়ে কম বিষধর। তবে কামড়ালে রক্তে এদের বিষ দ্রুত ছড়ায় এবং জমাট বাঁধতে সাহায্য করে বলে মৃত্যুর ঝুঁকি রয়েছে। সাধারণত নদীর ধারে বাস করে। বিরক্ত না করলে এরা কামড়ায় না। কামড়ালে দ্রুত স্বাস্থ্য কেন্দ্রে নিতে হবে। উপজেলা স্বাস্থ্যকেন্দ্রে পর্যাপ্ত পরিমাণে | দাপ্তরিক কার্যক্রম আরও বেগবান করতে হবে। রাসেলস ভাইপার সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করতে হবে। | উপজেলাস্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, কেশবপুর, যশোর।<br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সকল জনপ্রতিনিধি। |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সাপের বিষের ব্যাকসিন মজুদ আছে। কেশবপুরের জাতীয় সংসদ সদস্য মহোদয়ের চেষ্টায় গভীর নলকূপ স্থাপনের কাজ প্রায় শেষ পর্যায়ে। সুপেয় পানির সমস্যা দূর হবে। তাছাড়া এ্যাম্বুলেন্সের ড্রাইভারসহ শূণ্য পদে দ্রুত নিয়োগ প্রদানের কার্যক্রম চলমান আছে। দ্রুত পদায়নের ব্যবস্থা করলে চিকিৎসা সেবা বেগবান হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |
| ২ | প্রাণি সম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। তিনি আরো জানান পৌরসভার আওতাধীন কেশবপুর বাজার অভ্যান্তরে যে কসাইখানা আছে তার ছাউনি ছিদ্র হয়ে গেছে। সংস্কার করা প্রয়োজন। এ ছাড়া এলাকায় পাগলা কুকুরের সংখ্যা বেঁড়ে গেছে। এলাকায় মানুষজনসহ গবাধিপশু কামড়াচ্ছে। বেওয়ারিশ পাগলা কুকুরের আধিক্য কমানো প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মাঠ পর্যায়ে খামারীদের বিভিন্ন পরামর্শ প্রদান করতে হবে।<br>কেশবপুর পৌরসভার নিয়ন্ত্রণাধীন কসাইখানা সংস্কার করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কেশবপুর<br><br>মেয়র, কেশবপুর পৌরসভা |
| ৩ | কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো বলেন এবছর কেশবপুর উপজেলায় প্রায় ৫ হাজার হেক্টর পাটের আবাদ হয়েছে। বর্তমানে পাট কাটার মৌসুম চলমান। পানির অভাবে কৃষকগণ পাট কাটা বা জাগ দেওয়ায় সমস্যা হচ্ছে। তিনি খাল খনন করার জন্য সভাপতির মহোদয়ের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো জানান বর্তমানে পার্থিনিয়াম আগাছা ব্যাপক সমস্যার দৃষ্টি করছে। অতিদ্রুত বর্ধনশীল এই আগাছা ফসলের ক্ষতি করে। এক লিটার পানিতে আধা লিটার লবন মিশিয়ে স্প্রে করলে এই আগাছা শুকিয়ে যায়। পরবর্তীতে আগুন লাগিয়ে পুড়িয়ে দিতে হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সরকারি নির্দেশনা অনুযায়ী কৃষি উৎপাদন কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।<br>যে সকল এলাকায় পাটের আবাদ হয়েছে সে সকল এলাকার নদী খননের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, কেশবপুর, যশোর।<br>উপবিভাগীয় প্রকৌশলী (পাউবো), উপসহকারী প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, কেশবপুর, যশোর। |
| ৪ | মৎস্য বিভাগ: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান চিংড়ি মাছের উৎপাদন বাড়ানোর জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের সুবিধাভোগীদের মাঝে চেক বিতরণ করা হয়েছে। খাল খনন প্রকল্পের জন্য ইতোমধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত প্রকল্পের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের পুকুর বা জলাশয় খনন করা যাবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মৎস্য/চিংড়ির উৎপাদন বৃদ্ধিতে প্রকৃত মৎস্যচাষী নির্বাচন করে বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | সি: উপজেলা মৎস্য কর্মকর্তা, কেশবপুর |
| ৫ | সমাজ সেবা বিভাগ: উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান সামাজিক নিরাপত্তার আওতায় এ উপজেলা বর্তমানে ৩১ হাজার বিভিন্ন ভাতাভোগীদের মাঝে ২২ কোটি টাকা বিতরণ করা হয়েছে। ভাতাভোগীদের আবেদন গ্রহণ করা হচ্ছে। শতভাগ ভাতাভোগীর আওতায় আনা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজকর্ম আরো বেগবান করতে হবে।<br>যাচাই বাছাই করে প্রকৃত প্রাপ্যদারদের মাঝে ভাতার কার্ড প্রস্তুত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কেশবপুর |
| ৬ | প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলীর পক্ষে প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান বর্তমানে অনেক জায়গায় রাস্তা তৈরী করতে জটিলতা সৃষ্টি হচ্ছে। ব্যক্তিগত জমির উপর দিয়ে রাস্তা তৈরীর স্কিম নেওয়া হয়েছে। ভবিষ্যতে স্কিম নেওয়ার সময় সঠিক স্কিম নেওয়ার জন্য অনুরোধ জানানো হয়। তিনি আরো বলেন পাঁজিয়ায় বাজার মার্কেট ও ভান্ডারখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজে সমস্যা হচ্ছে। তিনি সভাপতির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করত: জটিলতা নিরসনের আহবান জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিককাজকর্মআরোবেগবান করতেহবে।<br>স্কিম গ্রহণের পূর্বে যাচাই বাছাই করতে হবে। | উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর।<br>নির্বাচিত জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, কেশবপুর, যশোর। |
| | তিনি আরো জানান উপজেল পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ষ্ঠ পর্যায়ে ২০২১-২২ অর্থ বছরে পর্যায়ক্রমে কেশবপুর উপজেলায় অবকাঠামো উন্নয়ন বাবদ প্রথমত ৪০ লক্ষ টাকার ২টি এবং পরবর্তীতে অতিরিক্ত বরাদ্দ বাবদ ১০ লক্ষ টাকার ১টি সর্বমোট ৫০ লক্ষ টাকার ৩টি উপ-প্রকল্প বাস্তবায়নের অনুমতি পাওয়া যায়। উপ-প্রকল্প ৩টি যথাক্রমে- ১. INF-২০২১-২২-৪০৪১৩৮-০১ (ক. উপজেলার বিভিন্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ডেক্সটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ, খ. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মেডিকেল যন্ত্রপাতি সরবরাহ) ঠিকাদার এম/এস আলম এন্টারপ্রাইজ, বাগদহ, মজিদপুর, কেশবপুর, যশোর এর প্রাক্কলিত মূল্য ১৯,৮৮,৮২৯.০০ (ভ্যাট ও ট্যাক্সসহ) | পার্শ্বেবর্ণিত সংশোধিত উপ-প্রকল্পের বিলগুলো চূড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | টাকা ও চুক্তিমূল্য ১৭,২০,০০০.০০ টাকা এবং ঠিকাদারের প্রাপ্য নীট বিল ১৫,৩৯,৪০০.০০ টাকা। ২. INF-২০২১-২২-৪০৪১৩৮-০২ (উপজেলার বিভন্ন বাজার ও স্কুলে ওয়াশব্লক নির্মাণ), ঠিকাদার, এম/এস আলম এন্টারপ্রাইজ, বাগদহ, মজিদপুর, কেশবপুর, যশোরের প্রাক্কলিত মূল্য ২৪,৮০,৪৩৭.০০ টাকা (ভ্যাট ও ট্যাক্সসহ) ও চুক্তিমূল্য ২২,৩২,৩৯৩.০০ টাকা এবং ঠিকাদারের প্রাপ্য নীট বিল ১৪,৯৮,০৫১.০০ টাকা। ৩. INF-২০২১-২২-৪১৪১৩৮-০৩ (উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় সিলিং ফ্যান (১৯২টি) এবং পানির ফিল্টার (২০টি) সরবরাহ, ঠিকাদার, এমএস, আশরাফ আলী, কেশবপুর বাজার, কেশবপুর, যশোর, প্রাক্কলিত মূল্য ১১,১৭,৩১৯.০০ টাকা ও চুক্তিমূল্য ১০,২০,১৮৪.০০ টাকা এবং ঠিকাদারের প্রাপ্য নীট বিল ৯,১২,৭২১.০০ টাকা। উপরোক্ত প্রকল্পগুলোর কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। ঠিকাদার বিল প্রাপ্তির জন্য আবেদন করেছেন। কাজের মান সন্তোষজনক। সমাপ্ত কাজের চূড়ান্ত বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবরে পত্র প্রেরণ করা প্রয়োজন। উল্লেখ্য, ২নং উপ-প্রকল্প (INF-২০২১-২২-৪০৪১৩৮-০২) অধীন ৪টি ওয়াশব্লকের মধ্যে ৭নং পাঁজিয়া ইউনিয়নের ২নং ওয়ার্ডের প্রস্তাবিত স্থান "গড়ভাঙ্গা বাজার" এর ওয়াশব্লকটি স্থানীয় লোকদের প্রবল বাঁধার প্রেক্ষিতে নির্মাণ করা সম্ভব হয়নি। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উল্লেখ্য, উপজেলা পরিষদের মে/২০২৪ মাসের মাসিক সাধারণ সভায় অনুমোদিত অত্র উপ-প্রকল্পগুলোর ঠিকাদারের প্রাপ্য নীট বিলের পরিমাণ করণিক ভুলে লিপিবদ্ধ না হওয়ায় অত্র সভায় সংশোধিত বিল উপস্থাপন করা হয়েছে। | | |
| ৭ | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লী জীবিকায়ন প্রকল্প), বিআরডিবি: উপজেলা প্রকল্প কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিককাজকর্মআরোবেগবান করতেহবে। | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), কেশবপুর |
| ৮ | পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনার কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিককাজকর্মআরোবেগবান করতেহবে। | উপজেলা প: প: কর্মকর্তা, কেশবপুর |
| ৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলা পরিষদের অনুমোদনক্রমে বরাদ্দকৃত স্থানে অত্র উপজেলায় বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন Upazila ICT Training and Resource Centre for Education (UITRCA) ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয় ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। বর্তমানে নির্মাণাধীন ভবনের জায়গায় একটি ছোট আমগাছ ও একটি নারকেল গাছ পড়েছে যা অপসারণ না করলে নকশা মোতাবেক ভবণ নির্মাণ করা সম্ভব নয়। তিনি সভাপতির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করে গাছ অপসারণে জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গাছ দুটি নিলাম বিক্রয়ের লক্ষ্যে বিধি মোতাবেক দাম নির্ধারণ করার জন্য ফরেস্টার, সামাজিক বন বিভাগ, কেশবপুর, যশোরকে দায়িত্ব প্রদান করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কাজকর্ম আরো বেগবান করতে হবে।<br>Upazila ICT Training and Resource Centre for Education (UITRCA) ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয় ভবনের স্থলে অবস্থিত গাছ দুটি নিলামের বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কেশবপুর।<br>উপজেলা প্রকৌশলী ও ফরেস্টার, সামাজিক বন বিভাগ, কেশবপুর, যশোর। |
| ১০ | শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | শিক্ষার মান বৃদ্ধিতে তদারকি জোরদার করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কেশবপুর |
| ১১ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, রিমালের ক্ষতিগ্রস্থদের জন্য বরাদ্দ পাওয়া গেছে। বিধি মোতাবেক বিভাজন করা হয়েছে। উপকার ভোগীদের মাঝে বিতারণ শুরু হয়েছে। কর্মসূচির শ্রমিকগণ তাদের টাকা উত্তোলনে বিভিন্নভাবে প্রতারণার শিকার হচ্ছে। অনেকে অজ্ঞতাবশত: বিকাশ একাউন্টের পিন নম্বর হ্যাকারদের নিকট সরবরাহ করাই টাকা হারাচ্ছে। তিনি জনপ্রতিনিধিসহ সকলের সহযোগিতা কামনা করেন।<br>চেয়ারম্যান, সুফলাকাটি ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর জানান যে, কর্মসূচির অনেক অসুস্থ, বয়স্ক এবং কাজে অক্ষম শ্রমিক আছে। পরিবর্তন করা প্রয়োজন। তাছাড়া দীর্ঘদিন একই ব্যক্তি সুযোগ পেয়ে যাচ্ছে। অন্য গরীব | দাপ্তরিক কাজকর্ম আরো বেগবান করতে হবে।<br>শ্রমিকদের অর্থ উত্তোলনের ক্ষেত্রে সচেতন বৃদ্ধি করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কেশবপুর<br>চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ব্যক্তিরা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।<br>চেয়ারম্যান, মঙ্গলকোট ইউপি জানান যে, দশ টাকার চাউল, টিসিবির উপকারভোগীসহ সকল সরকারী সুযোগ সুবিধা প্রাপ্ত উপকারভোগীদের পরিবর্তন করা প্রয়োজন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, এই মুহূর্তে পরিবর্তনের সুযোগ নেই। মন্ত্রণালয় হতে নির্দেশনা পেলে বিধি মোতাবেক পরিবর্তন করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরো বেগবান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্ত, কেশবপুর |
| ১৩ | জন স্বাস্থ্যবিভাগ: উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কাজকর্ম আরো বেগবান করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কেশবপুর |
| ১৪ | মহিলা বিষয়ক কর্মকর্তা: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ভিডব্লিউডি (৩০ কেজি চাউল) প্রদান কার্যক্রম অব্যাহত আছে। ২০২৩-২৪ অর্থ বছর প্রায় শেষ পর্যায়ে। এ মাসের চাউল প্রদান দেরিতে হবে। সর্বমোট ২৫৮৩ জন উপকার ভোগীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। বর্তমানে মাতৃত্বকালীন ভাতার আবেদন আপাতত বন্ধ আছে। নির্দেশনা পাওয়ার পর আবেদন করা যাবে। তাছাড়া মহিলা বিষয়ক দপ্তরে বিভিন্ন স্থান হতে সন্তানসহ মা সেবা নিতে আসে। একটি ব্রেস্ট ফিডিং কর্ণার নির্মাণ করা প্রয়োজন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজকর্ম আরো বেগবান করতে হবে।<br>ব্রেস্ট ফিডিং কর্ণার নির্মাণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেশবপুর |
| ১৫ | সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান তার অফিস কক্ষের ফ্লোর ফেঁটে গেছে। যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। তিনি সভাপতির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করত: নতুন একটি কক্ষ প্রদানের জন্য অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অফিস কক্ষ প্রাপ্তি সাপেক্ষ্যে বরাদ্দ প্রদান করা হবে। | দাপ্তরিক কাজকর্ম আরো বেগবান করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, কেশবপুর |
| ১৬ | পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি): উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কাজকর্ম আরো বেগবান করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭ | পল্লী সঞ্চয় ব্যাংক: শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২৩-২৪ অর্থ বছরে ১৫ কোটি ৯৮ লক্ষ টাকার ঋণ দেওয়া হয়েছে। চলমান ঋণদান কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত ৪১২ জন ঋণ খেলাপি চিহ্নিত করা হয়েছে। তিনি ঋণ আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালিত করতে হবে।<br>খেলাপি ঋণ আদায়ে বিধিমোতাবেক পদক্ষেপ গ্রহণ করতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৮ | বন বিভাগ: ফরেস্টার, সামাজিক বন বিভাগ, কেশবপুর, যশোর জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি কালোমুখো হনুমানের খাবার খাওয়ানো কার্যক্রম চলমান আছে। পূর্বের তুলনায় হনুমানের সংখ্যা বেশি আছে। ফলে বাড়তি হনুমানের জন্য খাবার সংকট হচ্ছে। তিনি আরো জানান এ বছর উপজেলা ব্যাপি শিক্ষার্থীদের মাঝে ৫ হাজার গাছের চারা বিতরণ করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>চেয়ারম্যান, মজিদপুর ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর জানান যে, মজিদপুর ইউনিয়ন পরিষদের সামনে, দেউলী মোড়ে এবং শ্রীরামপুর বাজারে অবস্থিত অর্ধমরা ও ঝুঁকিপূর্ণ শিশুগাছগুলো অপসারণ করা প্রয়োজন। তিনি সভাপতির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করে গাছ গুলো অপসরনের কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, কেশবপুর সদর ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর জানান যে, দোরমুটিয়া বাজারেও ও ঈদগাহ মাঝে যথাক্রমে শিশুগাছ ও বটগাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। অপসরণ না করলে যে কোন সময় মারাত্মক দূর্ঘটনা ঘটতে পারে।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গাছ গুলো ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে বিভিন্ন মাধ্যম ও সরেজমিন গিয়ে দেখা যায়। তিনি ফরেস্টার, সামাজিক বন | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালিত করতে হবে।<br>মজিদপুর ইউপির সামনে, দেউলীর মোড়ে, শ্রীরামপুর বাজারে, দোরমুটিয়াসহ ঝুঁকিপূর্ণ গাছ বিধি মোতাবেক অপসরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, সামাজিক বন বিভাগ, কেশবপুর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বিভাগ, কেশবপুর, যশোরকে বিধি মোতাবেক গাছগুলো অপসরণের পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য দায়িত্ব প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |
| ১৯ | বিদ্যুৎ বিভাগ: ডেপুটি জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, কেশবপুর জোনাল অফিস জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান বর্তমানে বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক আছে। লোড শেডিং নেই বললেই চলে। অধিকাংশ সরকারি ও বেসরকারি অফিসের বিল পরিশোধ আছে। অনেক অফিসের বিল বরাদ্দ না থাকায় পরিশোধ করতে পারেননি। তিনি বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি নিয়মিত বিল পরিশোধ করাই সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিন সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিককাজআরওবেগবান করতেহবে।<br>নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে। | ডিজিএম, যশোরপল্লী সমিতি-২<br>সংশ্লিষ্ট সকল দপ্তর। |
| ২০ | পানি উন্নয়ন বোর্ড: উপ-বিভাগীয় প্রকৌশলী (পাউবো) জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কাজ আরো বেগবান করতে হবে। | উপ-বিভাগীয় প্রকৌশলী, পাউবো |
| ২১ | নির্বাচন অফিস: উপজেলা নির্বাচন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কাজ আরো বেগবান করতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, কেশবপুর |
| ২ | ইউডিএফ: উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, কেশবপুর, যশোর জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কাজ আরো বেগবান করতে হবে। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, কেশবপুর |
| ২৩ | তথ্য আপা: তথ্য সেবা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান পৌরসভাসহ ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন প্রকার স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। তাছাড়া গ্রাম্য মহিলাদের আয়বর্ধন কর্মকান্ডসহ বিভিন্ন প্রকার সচেতনতামূলক উঠান বৈঠকের কার্যক্রম অব্যাহত আছে। বিনামূল্যে গরীব ও অসহায় ব্যক্তিদের অনলাইনে চাকুরির আবেদন করাসহ প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কাজ আরো বেগবান করতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, কেশবপুর, যশোর। |

উপজেলাপরিষদ/ইউনিয়নপরিষদবিভাগেরআলোচনা ও সিদ্ধান্ত:

| ক্রম | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | কেশবপুর পৌরসভা: | অনুপস্থিত | |
| ২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ: | অনুপস্থিত | |
| ৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ৪ | চেয়ারম্যান, ১নং ত্রিমোহিনী ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি কেশবপুর সাংসদ সভায় উপস্থিত থাকায় ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি খেয়াঘাটে ও নদীতে ব্রীজ প্রস্তাব করায় ধন্যবাদ জ্ঞাপন করেন। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, ১নং ত্রিমোহিনী ইউপি |
| ৫ | চেয়ারম্যান, ২নং সাগরদাঁড়ী ইউনিয়ন পরিষদ: | অনুপস্থিত | |
| ৬ | চেয়ারম্যান, ৩নং মজিদপুর ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান মাদক, জুয়া খেলা, মোবাইল গেমসহ বিভিন্ন বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য মাইকিং করা হয়েছে। কিছু কিছু বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। জেল বা জরিমানা করলে নিয়ন্ত্রণ করা যাবে। তাছাড়া দ্রুততার সাথে দখলকৃত খালসহ ভরাট হওয়া খালগুলো দখলমুক্ত করে খনন করা প্রয়োজন। তিনি সভাপতির মাধ্যম উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করে দখলকৃত খাল পুনরুদ্ধার করত: খনন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।<br>দখলকৃত খাল পুনরুদ্ধার ও খননের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ৩নং মজিদপুর ইউপি<br>উপজেলা প্রশাসন ও সহকারী কমিশনার (ভূমি) ও পানি উন্নয়ন বোর্ড, কেশবপুর, যশোর। |
| ৭ | চেয়ারম্যান, ৪নং বিদ্যানন্দকাটি ইউনিয়ন পরিষদ: | অনুপস্থিত | |
| ৮ | চেয়ারম্যান, ৫নং মঙ্গলকোট ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি কেশবপুর সাংসদ সভায় উপস্থিত থাকায় ধন্যবাদ জ্ঞাপন করেন এবং মাঝে মাঝে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, ৫নং মঙ্গলকোট ইউপি |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | তিনি আরো জানান পাথরায় তিনি একটি খেলার মাঠ তৈরী করেছেন। মাঠটি বর্তমানে খেলার উপযোগী করা হয়েছে। পাথরায় যে চারের সাকো আছে সেখানে একটি ব্রীজ করা প্রয়োজন। তাছাড়া জুয়া, মোবাইল গেম, মাদকসহ বিভিন্ন নেশায় আসক্ত ব্যক্তিদের সচেতনায় মাইকিং করা হয়েছে। কিন্তু তার পরও মাদক বেড়ে গেছে। মোবাইল কোর্ট পরিচালনা করে জরিমানাসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। এ বিষয়ে স্তিারিত আলোচনা হয়। | বিভিন্ন ধরনের মাদক, মোবাইল গেম, জুয়ার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনাসহ শাস্তির আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন ও সহকারী কমিশনার (ভূমি), কেশবপুর, যশোর। |
| ৯ | চেয়ারম্যান, ৬নং কেশবপুর ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি কেশবপুর সাংসদ সভায় উপস্থিত থাকায় ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো জানান কেশবপুর সার্বিক বিষয়ে সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। তাহলে সকল সমস্যার সমাধান সম্ভব হবে। তিনি সাংসদ সদস্য মহোদয়কে কেশবপুর স্বাস্থ্য কমপ্লেক্সের শয্যা সংখ্যা বাড়ানোর জন্য এবং শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় করনের বিষয়ে প্রস্তাব করার অনুরোধ জানান। রাস্তাসহ অনেক উন্নয়ন কাজ যথা সময়ে শেষ হচ্ছে না। ফলে ভোগান্তির মধ্যে পড়তে হচ্ছে। কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করার অনুরোধ করেন। বিভিন্ন নেশাসহ জুয়া, মোবাইল গেম না খেলার বিষয়ে মাইকিং করা হয়েছে। মোবাইল কোর্ট পরিচালনা করে জরিমানাসহ শাস্তির আওতায় আনা প্রয়োজন। বর্তমানে পাট কাটা মৌসুম চলমান। পানির অভাবে পাট জাগ দেওয়া যাচ্ছে না। তিনি খাল পুন:খননের মাধ্যমে নদীর নাব্যতা ফিরিয়ে আনার জন্য পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ জানান। কেশবপুর উপজেলায় অনেক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সংখ্যা বেশি হওয়ার স্বত্তেও একাডেমিক ভবন নেই। ভবন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।<br>বিভিন্ন ধরনের মাদক, মোবাইল গেম, জুয়ার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনাসহ শাস্তির আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ভরাট হওয়া খাল পুন:খননের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র সংখ্যা বেশি হওয়ার স্বত্তেও যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে একাডেমিক ভবন নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের জন্য একাডেমিক ভবন নির্মাণের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ৬নং কেশবপুর ইউপি<br>উপজেলা প্রশাসন ও সহকারী কমিশনার (ভূমি), কেশবপুর, যশোর।<br>পানি উন্নয়ন বোর্ড, কেশবপুর, যশোর।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কেশবপুর, যশোর। |
| ১০ | চেয়ারম্যান, ৭নং পাঁজিয়া ইউনিয়ন পরিষদ: | অনুপস্থিত | |
| ১১ | চেয়ারম্যান, ৮নং সুফলাকাটি ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি কেশবপুর সাংসদ সভায় উপস্থিত থাকায় ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো জানান পশ্চিম সারুটিয়ায় পীচের মেরামত শুরু হলেও কাজ বন্ধ আছে। ৮০০ মি. রাস্তার কাজ জরুরি মেরামত প্রয়োজন। কলাগাছি রাস্তার কাজ শুরু হয়েছে। কাজটি ধীর গতিতে চলছে। দ্রুত কাজ করার জন্য তিনি সভাপতির মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো জানান বিল বুড়ুলিয়ায় অনেক জমিতে এ বছর পানির কারণে ধান চাষ করা সম্ভব হয়নি। পানি নিষ্কাশনের জন্য থ্রিফেজের বৈদ্যুতিক লাইন নির্মাণের জন্য তিনি সভাপতির মাধ্যমে ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২, কেশবপুর জোনাল অফিসকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।<br>জরুরি বিবেচনায় প্রকল্প গ্রহণ এবং কাজ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিল গরালিয়া হতে পাথরা ভায়া ডহরি খালের থ্রিফেজ বৈদ্যুতিক লাইন স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ৮নং সুফলাকাটি ইউপি<br>উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর।<br>ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২, কেশবপুর জোনাল অফিস, কেশবপুর, যশোর। |
| ১২ | চেয়ারম্যান, ৯নং গৌরিঘোনা ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি কেশবপুর সাংসদ সভায় উপস্থিত থাকায় ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো জানান গৌরিঘোনাধীন ভদ্রা নদীর উপর একটি ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। তিনি জাতীয় সাংসদ মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, গৌরিঘোনা ইউপি |
| ১৩ | চেয়ারম্যান, ১০নং সাতবাড়ীয়া ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান সাতবাড়িয়া ইউনিয়নের অন্তর্গত ভালুকঘর, বেগমপুর, সাতবাড়িয়া, বকুলতালা বাজারে চাঁদনী নির্মাণ করা প্রয়োজন। তিনি সভাপতির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করত: চাঁদনী নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি আরো জানান এ বছর পাটের আবাদ খুব ভালো হয়েছে। তবে খালে পানি না থাকায় পাট জাগ দেওয়া যাচ্ছে না। কৃষক ক্ষতির সম্মুখীন হচ্ছে। তিনি খাল খননের অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।<br>সাতবাড়িয়া ইউনিয়নের অন্তর্গত ভালুকঘর, বেগমপুর, সাতবাড়িয়া, বকুলতালা বাজারে চাঁদনী নির্মাণ করতে হবে।<br>খাল পুন:খননের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, সাতবাড়ীয়া ইউপি<br>উপজেলা নির্বাহী অফিসার, পানি উন্নয়ন বোর্ড, কেশবপুর, যশোর। |
| ১৪ | চেয়ারম্যান, ১১নং হাসানপুর ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে | বিধি মোতাবেক সকল কার্যক্রম | চেয়ারম্যান, সাতবাড়ীয়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | চলছে। | চালাতে হবে। | ইউপি |

আলোচ্য সূচি-৪: রাজস্ব তহবিলের বিভিন্ন নিয়মিত ব্যয় সংক্রান্ত আলোচনা:

| ক্রম. | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | রাজস্ব তহবিল: উপজেলা পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সিল, নেমপ্লেট ও অনার বোর্ডের লেখনি বাবদ ব্যয়=৫,১৮০.০০ টাকা। উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভাসহ অন্যান্য সভা, চেয়ারম্যান কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাইস চেয়ারম্যানদ্বয়ের দপ্তরের জুলাই ২০২৪ মাসের মাসিক নিয়মিত আনুষঙ্গিক ও আপ্যায়ণ ব্যয় পরিশোধ করতে হবে। | বিধিমোতাবেক রাজস্ব তহবিল থেকে ব্যয় পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর। |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, কপোতাক্ষ বাসভবন মেরামত ও সংস্কার এবং নিরাপত্তায় নিয়োজিত আনসারদের জন্য আনসার সেড নির্মানে উপজেলা পরিষদের ১৯/১২/২০২৩ তারিখের উপজেলা মাসিক সাধারণ সভায় ১,৮৫,২৮৫.০০ টাকার প্রকল্প গ্রহণ করা হয়। বাস্তবতা এবং প্রয়োজনীয়তার আলোকে কাজ বাস্তবায়নে ৯৫,৫০০.০০ টাকার কাজ অতিরিক্ত বাস্তবায়ন হয়। সংশ্লিষ্ট বাস্তবায়নকারী প্রতিষ্ঠান অতিরিক্ত কাজ বাস্তবায়নের অর্থ পাওয়ার জন্য বিল ভাউচার দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত সদস্যগন জানান যেহেতু কাজ বাস্তবায়ন হয়েছে সুতরাং পরিষদের রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের বিষয়ে মতামত ব্যক্ত করেন। | কপোতাক্ষ বাসভবন মেরামত ও সংস্কার এবং নিরাপত্তায় নিয়োজিত আনসারদের জন্য আনসার সেড নির্মানে অতিরিক্ত ৯৫,৫০০.০০ টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর। |

আলোচ্য সূচি-৫: বিবিধ:

| ক্রম. | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | অফিসার ইন চার্জ, কেশবপুর থানা, কেশবপুর, যশোর জানান যে, তিনি কেশবপুর উপজেলায় পদায়নের পর একটি জাতীয় সংসদ নির্বাচন, একটি উপজেলা পরিষদ নির্বাচন এবং দুটি ঈদ সম্পন্ন হয়েছে। আইন শৃংখলা ভালো আছে। থানায় দালালের দৈরাজ্য কমে গেছে। জনপ্রতিনিধিদের ইউনিয়নের সাধারণ সমস্যার সমাধান করতে পারে। অত্র উপজেলায় যে সকল চুরি সংগঠিত হচ্ছে অধিকাংশ চোর বাইরের এলাকার। আইন শৃংখলা বাহিনি তৎপর আছে। বর্তমানে মঙ্গলকোট ইউনিয়নসহ অনেক ইউনিয়নে মাদকের উপদ্রব বেড়ে গেছে। মাদক বিষয়ে বর্তমান প্রশাসন জিরো টলারেন্স। কেশবপুর উপজেলা হতে মাদক নির্মূলে যা যা করনীয় সকল পদক্ষেপ গ্রহণ করা হবে। আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী দিন রাত পরিশ্রম করছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মাদকের বিরুদ্ধে কেশবপুর উপজেলাকে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে। মাদক নির্মূল করতে সকল পদক্ষেপ গ্রহণ করা হবে। তাছাড়া মোবাইল গেম, জুয়াসহ সকল অপরাধ কঠোর হস্তে দমন করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কেশবপুর উপজেলা হতে মাদক নির্মূলে জিরো টলারেন্স গ্রহণ এবং মোবাইল গেমসহ জুয়া খোলোয়াড়দের শাস্তির আওতায় আনতে হবে। | উপজেলা প্রশাস, সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ, কেশবপুর থানা, যশোর। |

মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯০ যশোর ৬ মহোদয় উপস্থিত সকল সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন বর্তমান তারুন্য নির্ভর প্রজন্ম। তারুন্যদের সমন্বয়ে দেশকে এগিয়ে নিতে হবে। শিক্ষা গুনগত মানের উন্নতি করতে হবে। সে জন্য দল মত নির্বিশেষে সকলকে এগিয়ে আসতে হবে। স্বাস্থ্য সেবার ক্ষেত্রে এলাকাবাসিকে হসপিটালমুখী করতে হবে। ক্লিনিকগুলোতে অনেক বেশি অর্থ ব্যয় হয়। জনসাধারণকে বুঝাতে হবে। মাঝে মাঝে ঔষধের দোকানগুলোতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ আছে কি না অভিযান পরিচালনা করতে হবে। মেয়াদ উত্তীর্ণ ঔষধ পেলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। কেশবপুর উপজেলাকে স্মার্ট উপজেলা হিসেবে গঠন করার লক্ষ্যে সকলকে একসাথে কাজ করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীকে আমরা দেখাতে চাই কেশবপুর সর্বপ্রথম স্মার্ট উপজেলা। আইন শৃংখলা রক্ষায় বাহিনীকে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে। মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ, জুয়া বন্ধ করতে জিরো টলারেন্স নীতি অবলম্বন করতে হবে। সর্বপরি কেশবপুর উপজেলার উন্নয়ন সকলকে সর্বাত্মক প্রচেষ্টা করতে হবে। তিনি সকলকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনে সকলকে অনুরোধ জানান। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

CS CamScanner

অত:পর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি (ভারপ্রাপ্ত) উপস্থিত সকলকে দীর্ঘায়ু কামনা ও ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

(আব্দুল্লাহ আল মামুন)
প্যানেল চেয়ারম্যান-২, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
কেশবপুর, যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর।

স্মারকনং- ০৫.৪৪.৪১৩৮.০০০.০৩.০২৬.২৪- ৯২৭(৬০)

তারিখ: ২৭ আষাঢ়, ১৪৩১ / ১১ জুলাই, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯০-যশোর-০৬
০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা
০৫। জেলা প্রশাসক, যশোর।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
০৮। ........................................................................................
০৮। অফিসকপি।

(মোঃ তুহিন হোসেন)
উপজেলানির্বাহীঅফিসার
কেশবপুর, যশোর।
unokeshabpur@mopa.gov.bd

CamScanner